গাংনীতে যুবলীগের উদ্যোগে শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী পালিত

গাংনীর মানুষ আমাকে আজও মনে প্রানে ভালবাসে। আমি এমপি থাকাকালীন সময়ে অনেক সুযোগ সুবিধা পাওয়া সত্বেও আমি কোন অবৈধ সুযোগ কাজে লাগানোর চেষ্টা করিনি। মানুষকে হয়রানী করিনি। সকলকে সম্মান করেছি। তাই গাংনীর মানুষ আমাকে আজও মনে রেখে ভালোবসে

গাংনী উপজেলা যুবলীগ আয়েজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

আজ বুধবার বিকেলে গাংনী গাংনী পাইলট মাধ্যমিক স্কুল এন্ড কলেজ চত্বরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী পালন উপলক্ষে গাংনী উপজেলা যুবলীগ আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন।

আলোচনা সভা শেষে একটি শোক র্যালী গাংনী উপজেলা শহরের প্রধান প্রধান সড়কে প্রদক্ষিণ করে। র্যালীতে নেতৃত্ব দেন সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের উপদেষ্টা ইয়াছিন রেজা, মেহেরপুর জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম শাহ, গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা পরিষদের সাবেক সদস্য মজিরুল ইসলাম মিয়া, প্রবীণ আওয়ামী লীগ নেতা সৈফতুল্লাহ, গাংনী উপজেলা যুবলীগের সহ-সভাপতি আল-ফারুক, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার পাশা প্রমুখ।

আলোচনা শেষে দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। দোয়া মোনাজাত পরিচালনা করেন অনুষ্ঠানের সঞ্চালক উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফিক আহমেদ পলাশ। পরে কাঙ্গালী ভোজের আয়োজন করা হয়।